

# ৬নং চরভৈরবী ইউনিয়ন পরিষদ

ডাকঘর-চরভৈরবী, উপজেলা-হাইমচর, জেলা-চাঁদপুর।

www.charbhairabiup.chandpur.gov.bd

সূত্রঃ চরভৈরবী ইউ.পি/হাইমচাঁদ-৩৭/১৯

তারিখ-১১/১১/২০১৯খ্রি.


## নিয়োগ বিজ্ঞপ্তি

গ্রাম পুলিশ বাহিনী চাকুরী বিধি ২০১৫ অনুসারে এবং স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর ধারা ৯৬, ধারা ৪৮ অনুযায়ী চাঁদপুর জেলার হাইমচর উপজেলাধীন ০৬নং চরভৈরবী ইউনিয়ন পরিষদের অধীনে নিম্ন বর্ণিত শর্ত মোতাবেক ০১ ও ০৪নং ওয়ার্ডে শূন্য পদে ০২ (দুই) জন গ্রামপুলিশ (মহল্লাদার) নিয়োগ প্রদানের জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	শূন্য পদের সংখ্যা	পদবী	ওয়ার্ড নং	বেতন ভাতা ও অন্যান্য সুবিধাদি	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
১	২টি	গ্রাম পুলিশ (মহল্লাদার)	০১ ও ০৪নং ওয়ার্ড	মাসিক বেতন সরকারী অংশে ৩২৫০/- টাকা এবং ইউ,পি অংশে ৩২৫০/- টাকা ও প্রতি বছর সমপরিমাণ হারে ০২টি উৎসব ভাতা। এছাড়া সরকারি বরাদ্দ অনুযায়ী পোশাক পরিচ্ছদ ও অন্যান্য পরিধেয় উপকরণ প্রদান করা হইবে।	

### শর্ত সমূহঃ

- আবেদন কারীকে সংশ্লিষ্ট ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা হইতে হইবে।
- আবেদন কারীর বয়স সর্বনিম্ন ১৮ বছর এবং সর্বোচ্চ ৩০ বছর হইতে হইবে।
- শিক্ষাগত যোগ্যতাঃ কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হইতে ৮ম শ্রেণি উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে।
- প্রার্থীর উচ্চতা ৫ফুট ৩ ইঞ্চি, বুকের মাপ ৩২ইঞ্চি (স্বাভাবিক অবস্থায়) এবং ওজন (৫০ কেজি) হইতে হইবে।
- আবেদনকারীকে আবেদন পত্রের সহিদ জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি, জন্ম সনদের সত্যায়িত ফটোকপি, শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত ফটোকপি, চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিক সনদ ও চারিত্রিক সনদ এবং সদ্য তোলা ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি সংযুক্ত করিতে হইবে। উল্লেখ থাকে যে, উক্ত নিয়োগ পত্রটি কর্তৃপক্ষ সংশোধন, সংযোজন, পরিবর্তন, পরিবর্ধন এবং বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- আবেদনের সময়সীমাঃ ১১/১১/২০১৯খ্রি. হইতে ৩০/১১/২০১৯খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে।



মোঃ আব্দুল আলী মাস্টার

চেয়ারম্যান

৬নং চরভৈরবী ইউনিয়ন পরিষদ

হাইমচর, চাঁদপুর